# জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

## গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট

ওয়েবসাইট: http://www.jgtdsl.gov.bd

স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার গ্রাহকদের দক্ষ, সাশ্রয়ী ও টেকসই সমাধান।

প্রাকৃতিক গ্যাস অফুরন্ত নয়, গ্যাস ব্যবহারে সাশ্রয়ী হোন।

## "প্রি-পেইড গ্যাস মিটার রিচার্জ পদ্ধতি ও এর ব্যবহার সংক্রান্ত তথ্যাদি"

- জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লি: (জেজিটিডিএসএল) কর্তৃক আবাসিক শ্রেণির সম্মানিত গ্রাহক আঙ্গিনায় স্থাপিত প্রি-পেইড গ্যাস মিটারসমূহ স্মার্ট টাইপ (জিপিআরএস + এনএফসি প্রযুক্তি সম্পন্ন) উন্নত ও ডিজিটাল গ্যাস পরিমাপের মিটার। অনুমোদিত ব্যাংকের নির্দিষ্ট শাখায় পস (পয়েন্ট অব সেলস) ডিভাইসের সাহায্যে প্রিপেইড কার্ড (এনএফসি কার্ড) রিচার্জ করে মিটার একটিভেট/চালু করা যায়। এছাড়াও আপনার স্মার্ট ফোনে গুগল Play Store কিংবা i-Store হতে 'জেজিটিডিএসএল ইউনিভার্সাল' অথবা 'জেজিটিডিএসএল প্রিপেইড' অ্যাপস ডাউনলোড করে এমএফএস প্লাটফর্ম 'উপায়', 'রকেট', 'নগদ' পেমেন্ট গেটওয়ে কিংবা যে কোন ভিসা/মাস্টার কার্ড ব্যবহার করে অনলাইনে ঘরে বসে দিন-রাত যে-কোনো সময়ে সহজেই এ মিটারটি রিচার্জ করা যায়।

## অনুমোদিত ব্যাংক ও এর শাখাসমূহ নিম্নরূপ:

| ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ | এনআরবিসি ব্যাংক লিঃ | ওয়ান ব্যাংক লিঃ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | মধুমতি ব্যাংক লিঃ | জনতা ব্যাংক লিঃ | এনআরবি ব্যাংক লিঃ | বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ | এসবিএসি ব্যাংক লিঃ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **শাহজালাল উপশহর শাখা** রোজ ভিউ হোটেল, উপশহর, সিলেট। **শিবগঞ্জ শাখা** সিলমার্ক টাওয়ার, শিবগঞ্জ, সিলেট। **সুবিদবাজার শাখা** সিলভার স্টার টাওয়ার, সিলেট। **শাহবাজার শাখা** আলী কমপ্লেক্স শাহবাজার, সিলেট। | **সিলেট উপশহর শাখা** হোটেল ইসরাত মেন্দিবাগ পয়েন্ট, সিলেট। **সিলেট শাখা** বিল্ডিং ৫৭, পূর্ব দরগা গেইট, সিলেট। **পাঠানটুলা উপ-শাখা** আকতার শপিং কমপ্লেক্স, পাঠানটুলা, সিলেট। | **ইসলামপুর শাখা** ইসলামপুর, মেজরটিলা, সিলেট। **সিলেট শাখা** ফিরোজ সেন্টার চৌহাট্টা পয়েন্ট, সিলেট। **গোটাটিকর উপ-শাখা,** গোটাটিকর, সিলেট। | **আম্বরখানা শাখা** ইস্টার্ন প্লাজা, এয়ারপোর্ট রোড, আম্বরখানা, সিলেট। **তালতলা শাখা** ভিআইপি রোড, তালতলা, সিলেট। | **আম্বরখানা শাখা** আমিন কমপ্লেক্স এয়ারপোর্ট রোড, সিলেট। | **কুমারগাঁও শাখা** টুকের বাজার, সিলেট। | **মেডিকেল রোড শাখা** ইসকন মার্কেট, কাজলশাহ, সিলেট। | **সিলেট শাখা** গ্যালারিয়া শপিং কমপ্লেক্স, পশ্চিম জিন্দাবাজার, সিলেট। | **ইসলামপুর শাখা** সিদ্দিক ম্যানশন, ইসলামপুর, মেজরটিলা, সিলেট। | **দক্ষিণ সুরমা শাখা** কয়ছর রহমান ভবন, চণ্ডিপুল, দক্ষিণ সুরমা, সিলেট। |

- স্মার্ট প্রযুক্তির এ মিটারটির ওয়ারেন্টি পিরিয়ড ০৩ বছর। ওয়ারেন্টি পিরিয়ডের মধ্যে কারিগরী কারণে মিটারে কোন ত্রুটি দেখা দিলে তা জেজিটিডিএসএল কর্তৃক প্রতিস্থাপন করা হবে। বিনা কারণে মিটারে হাত দিবেন না এবং অপ্রয়োজনে টাচ বাটনটি চাপাচাপি করবেন না; এতে ব্যাটারির আয়ুষ্কাল দ্রুত নিঃশেষ হয়ে যাবে। মূল্যবান এ মিটারটি ব্যবহারে যত্নশীল হোন।
- সম্মানিত গ্রাহকের আঙ্গিনায় স্থাপিত প্রিপেইড গ্যাস মিটারের যথাযথ ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও এর নিরাপত্তা/সুরক্ষা প্রদান গ্রাহকের দায়িত্ব। মিটারের কোন প্রকারের ক্ষতি সাধন, অবৈধ হস্তক্ষেপ, মিটার বন্ধ/খুলে রাখা, অনুমোদনের অতিরিক্ত চুলা ব্যবহার ইত্যাদি শাস্তিযোগ্য অপরাধ। এরূপ ক্ষেত্রে 'গ্যাস আইন ২০১০' ও 'গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪' অনুযায়ী জেজিটিডিএসএল কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হবে। বিনামূল্যে সরবরাহকৃত আপনাদের এনএফসি কার্ডটি সযত্নে সংরক্ষণ করুন। এটি হারিয়ে গেলে নিকটস্থ থানায় জিডি করে এনআইডিসহ সংশ্লিষ্ট আবিকায় আবেদন করতঃ নির্ধারিত ফি/মূল্য পরিশোধপূর্বক সংগ্রহ করতে হবে।

## প্রিপেইড গ্যাস মিটার ডিসপ্লে পরিচিতি




| ডিসপ্লে সংকেত | পরিচিতি | ডিসপ্লে সংকেত | পরিচিতি |
|---|---|---|---|
| [illegible] | রিচার্জ রাশি | 2:36:25 | সময় |
| 56.10 | বর্তমান ব্যালেন্স ($m^3$) | [ | কার্ডটি মিটারের সাথে কমিউনিকেশন শুরু হয়েছে |
| 1356.12 | ক্রমপুঞ্জিত গ্যাস ব্যবহার ($m^3$) | HELLO | মিটারের কমিউনিকেশন সম্পন্ন হয়েছে |
| 56.12 | সর্বশেষ রিচার্জকৃত গ্যাসের পরিমাণ ($m^3$) | OPEN | মিটারের ভাল্ব খোলা/গ্যাস চালু আছে |
| [illegible] | মিটারের সিরিয়াল নম্বর | CLOSE | মিটারের ভাল্ব বন্ধ আছে |
| 23-03-13 | তারিখ | — | অনলাইন কমিউনিকেশন শুরু হয়েছে |

